

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
উপজেলা সমাজসেবা কার্যালয়
গজারিয়া, মুন্সিগঞ্জ

স্মারক নং-৪১.০১.৫৯২৪.০০০.০৮.২৯৩.০৮-

তারিখঃ ১৮/০৯/২০২২ খ্রীঃ

বিষয়ঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের “ক্যাপিটেশন গ্র্যান্ট ম্যানেজমেন্ট” সেবাটি ডিজিটাইজকরণ প্রসঙ্গে।

সূত্রঃ সমাজসেবা অধিদফতর স্মারক নং- ৪১.০১.০০০০.০৬২.২২.০০১.২২-২৯, ২২ আগস্ট, ২০২২ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধনকৃত ও ক্যাপিটেশন গ্র্যান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানা ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি ব্যবহার করে ক্যাপিটেশন গ্র্যান্ট অনুদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সারাদেশব্যাপী উক্ত সফটওয়্যারটি ব্যবহারের নিমিত্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে সংযোজন করার জন্য নিম্নবর্ণিত ছক অবশ্য পূরণ করে MIS সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কার্যালয়, গজারিয়া মুন্সিগঞ্জের অধীন ০৭ টি এতিমখানাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল আগামী ১৫ কর্মদিবসের মধ্যে।

ছক-১

এতিমখানার নামঃ

ঠিকানা:

নিবন্ধন নম্বরঃ

নিবন্ধনের তারিখঃ

ক্রম	নিবাসীর নাম		পিতার নাম		পিতার মৃত্যুসনদ নম্বর (ডিজিটাল)	মাতার নাম		পিতা-মাতার অবর্তমানে আইনানুগ অভিভাবকের নাম		পিতা-মাতার অবর্তমানে আইনানুগ অভিভাবকের সাথে সম্পর্ক	মাতা অথবা আইনানুগ অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর (১৭/১০ ডিজিট)
	বাংলা	ইংরেজি	বাংলা	ইংরেজি		বাংলা	ইংরেজি	বাংলা	ইংরেজি		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

মাতা অথবা আইনানুগ অভিভাবকের মোবাইল নম্বর	স্থায়ী ঠিকানা	এতিম নিবাসীর এনআইডি/ জন্মসনদ নম্বর (ডিজিটাল)	বর্তমান বয়স	প্রতিষ্ঠানের ভর্তির তারিখ	অধ্যয়নরত শ্রেণী	লিঙ্গ	ধর্ম	স্বাস্থ্যগত অবস্থা (প্রতিবন্ধী হলে ধরণসহ উল্লেখ করতে হবে)	ক্যাপিটেশন গ্র্যান্টভুক্ত কিনা?)	ছবি	মন্তব্য
১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪

বিঃদ্রঃ এন আই ডি ও ডিজিটাল জন্মসনদ ও মৃত্যুসনদ এর ফটোকপি সংরক্ষণ করতে হবে।

উল্লেখ্য, বেসরকারি এতিমখানা ক্যাপিটেশন গ্র্যান্ট নীতমালা ২০১৫ অনুযায়ী,

১। এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত এতিমের দ্বিগুণ সংখ্যক এতিম নিবাসী এতিমখানায় ভর্তি থাকতে হবে। অর্থাৎ, মোট ভর্তিকৃত এতিম শিশুদের সর্বোচ্চ ৫০% ক্যাপিটেশন গ্র্যান্ট এর জন্য বিবেচিত হবে। সুতরাং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত এতিমের দ্বিগুণ সংখ্যক এতিম নিবাসীর ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য উপর্যুক্ত ছকে প্রদান করতে হবে। এবিষয়ে এতিমখানার ভর্তি সংক্রান্ত কমিটির রেজুলেশন আপডেট থাকতে হবে।

২। উপর্যুক্ত ছকে তথ্য প্রদান মারফত সকল এতিম শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত ও MIS সম্পন্ন করা বাধ্যতামূলক। ২০২২-২৩ অর্থবছর থেকে ক্যাপিটেশন গ্র্যান্ট এর টাকা ডিজিটাল ডাটাবেইজ এর মাধ্যমে ভেরিফাই হয়ে g2p পদ্ধতিতে সরাসরি প্রতিষ্ঠানের নিকট পৌঁছাবে। সুতরাং উপর্যুক্ত তথ্য প্রদান ও MIS ব্যতিরেকে কোন এতিমখানার বরাদ্দ ও ক্যাপিটেশন গ্র্যান্ট এর টাকা বিতরণ করা সম্ভব হবে নাহ। বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিবেচনা করার জন্য অনুরোধ করছি।

সংযুক্তি-

১। পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর মহোদয়ের সাকুলার

২। বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ ও বন্টন নীতিমালা, ২০১৫

(সোঃ)

মোঃ মনসুর আলম
উপজেলা সমাজসেবা অফিসার
গজারিয়া, মুন্সীগঞ্জ।
ফোনঃ 01712909540

প্রাপকঃ

সভাপতি/সেক্রেটারি/সুপারিন্টেন্ডেন্ট

১। ইসমানির চর শিশু সদন (এতিমখানা), হোসেন্দী, গজারিয়া, মুন্সীগঞ্জ।

২। গজারিয়া বাতেনিয়া মান্নানিয়া এতিমখানা, রসুলপুর, গজারিয়া, মুন্সীগঞ্জ।

৩। ভাটেরচর ইসলামিয়া এতিমখানা, টেংগারচর, গজারিয়া, মুন্সীগঞ্জ।

৪। টেংগারচর ইসলামিয়া শিশু সদন (এতিমখানা), গজারিয়া, মুন্সীগঞ্জ।

৫। রাবেয়া হাতেম মহিলা এতিমখানা, ইসমানির চর, গজারিয়া, মুন্সীগঞ্জ।

৬। মাথাভাংগা মহিলা এতিমখানা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

৭। বড় বসুরচর এতিমখানা, গজারিয়া, মুন্সীগঞ্জ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। পরিচালক, প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদফতর, আগারগাও, ঢাকা।

২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ

৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ

৫। উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ

৬। অফিস কপি।